

ওয়্যার হাউসের
রক্ষক কে ? আইনানুযায়ী
ওয়্যার হাউস রক্ষকের
দায়িত্ব কি ?

সরকারী পণ্যাগার বা ওয়্যার হাউসের ক্ষেত্রে সরকার কর্তৃক পদস্থ
যথোপযুক্ত কর্মকর্তা এবং বেসরকারী পণ্যাগারের ক্ষেত্রে
লাইসেন্স ধারী রক্ষকের দায়িত্ব পালন করেন। দি কাস্টমস
এ্যাট্ট, ১৯৬৯ এর ধারা ১১৬ মোতাবেক পণ্যাগারের রক্ষক
শুল্কায়ন কর্মকর্তা কর্তৃক রিপোর্টকৃত পরিমাণ, ওজন বা মাপ

অনুসারে পণ্য পণ্যাগারে যথাযথ গ্রহণ ও সেখান হতে সরবরাহ এবং সেখানে জমা থাকাকালীন সময়ে
নিরাপদ হেফোজতের জন্য দায়ী থাকবেন। তবে শর্তাবলোগ আছে যে পণ্যাগারে পণ্য প্রবেশ, বাইরে নেয়া ও
সেখানে জমা থাকাকালীন সময়ে পণ্যের মালিক যথোপযুক্ত কর্মকর্তা বা সরকারী পণ্যাগারের রক্ষকের নিকট
ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না, যদি উক্ত ক্ষতি পণ্যাগারের রক্ষক অথবা কাস্টমস কর্মকর্তার অবহেলার
কারণে সংঘটিত হয় (সূত্র: দি কাস্টমস এ্যাট্ট, ১৯৬৯ এর ধারা ১১৬)।